অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 7/27/2023 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল ঘোষণা করলেন যে MTA মিউজিক আন্ডার নিউ ইয়র্ক রাইডার্স চয়েস পুরস্কার সর্বপ্রথম জিতে নিয়েছে ব্র্যাস কুইন্স

গভর্নর হোকল, MTA প্রধান জ্যানো লিবার এবং উই ♡ NYC টাইমস স্কয়ারে একত্রিত হয়ে ফাইনালিস্টদের উদযাপন করেছেন এবং রাইডার্স চয়েস পুরস্কারের বিজয়ীর নাম ঘোষণা করেছেন

শুধু নারীদের নিয়ে গঠিত ব্র্যাস ব্যান্ড ট্রফি জিতে নিয়েছে

ব্র্যাস কুইন্স আটলান্টিক রেকর্ডসের সাথে একটি রেকর্ডিং সেশন পাবে

গভর্নর ক্যাথি হোকল আজকে সর্বপ্রথম উই ♡ NYC রাইডার্স চয়েস পুরস্কারের (Riders' Choice Award) বিজয়ীর নাম ঘোষণা করলেন, এখানে নিউ ইয়র্কবাসীদেরকে মেট্রোপলিটন পরিবহন কর্তৃপক্ষের (Metropolitan Transportation Authority, MTA) মিউজিক আন্ডার নিউ ইয়র্কের (Music Under New York, MTA MUSIC) সাবওয়ে পারফর্ম্যান্সের রোস্টার থেকে নিজেদের পছন্দের জনকে ভোট দিতে আমন্ত্রিত করা হয়েছিলো। সাবওয়েতে যাত্রার সময় যাত্রীরা কোনও "বাস্কার" এর দেখা পেতে বেশি উৎসুক তা জানার জন্য MTA প্রধান এবং প্রধান নির্বাহী কর্মকর্তা জ্যানো লিবার এবং পার্টনারশিপস ফর নিউ ইয়র্ক সিটির প্রতিনিধিগণ, আটলান্টিক রেকর্ডসের (Atlantic Records) রেকর্ডিং শিল্পী এবং ব্রুকলিনের বাসিন্দা ENISA, এবং অন্যান্যরা টাইমস স্কয়ারে গভর্নর হোকলের সাথে যোগদান করে। এক সপ্তাহের গণ ভোটিংয়ের পর, মোট 55,000 এর বেশি ভোটের মধ্যে 55.7 শতাংশ পেয়ে ব্র্যাস কুইন্স প্রথম পুরস্কার জিতে নিয়েছে এবং তারা আটলান্টিক রেকর্ডসের সাথে একটি রেকর্ডিং সেশন পাবে।

"এই প্রতিযোগিতাটি সাবওয়ে এবং মিউজিককে উদযাপন করে, দুইটিই নিউ ইয়র্কের বুননের অবিচ্ছেদ্য অংশ," **গভর্নর হোকল বলেন।** "নিউ ইয়র্কবাসী হওয়ার অর্থ কী ব্র্যাস কুইন্স তার উদাহরণ প্রদান করে এবং তাদের দুর্দান্ত সঙ্গীত দিয়ে সাবওয়ে সিস্টেমজুড়ে যাতায়াতকারী ও পর্যটক সকলকে মুগ্ধ করতে দেখার জন্য আমি উন্মুখ।"

ব্র্যাস কুইন্স হলো একটি ব্র্যাস ব্যান্ড যাদের শুধু নারীদের নিয়ে গঠিত একটি হর্ন সেকশন আছে যা ফাঙ্ক, সোল, এবং হিপহপের মিশ্রণ করে এবং নিউ অর্লিন্সের সেকেন্ড-লাইন ঐতিহ্যকে অনুসরণ করে। তারা তাদের প্রাণোচ্ছল পারফর্ম্যান্সের জন্য পরিচিত এবং তাদের মিশন হলো

মিউজিকের মাধ্যমে নারীর ক্ষমতায়ন করা। ব্র্যাস কুইন্সের প্রোফাইল ভিডিও এখানে পাওয়া যাবে।

উই ♡ NYC ক্যাম্পেইনটি রাইডার্স চয়েস পুরস্কারটি গঠন করেছে। এটি সেই শিল্পীদের উপর আলোকপাত করে যারা MTA মিউজিক আন্ডার নিউ ইয়র্ক কর্মসূচিতে ঈপ্সিত স্থান জিতে নিয়েছে, কর্মসূচিটি 1987 সালে MTA আর্টস এবং ডিজাইনের (MTA Arts & Design) অংশ হওয়ার পর থেকে নিউ ইয়র্কবাসীদের জন্য আনন্দ নিয়ে আসছে। প্রথমবারের মতো ট্রানজিটের যাত্রীদের কাছে 2020 সালের মহামারীর পর থেকে নির্বাচিত প্রথম নতুন পারফর্মারদের কোহর্টের অংশ মিউজিক্যাল অ্যাক্ট থেকে নিজেদের প্রিয় তিনটি বাছাই করার সুযোগ ছিলো।

রাইডার্স চয়েসের তিন ফাইনালিস্টদের প্রত্যেকেই সিটির সবথেকে আকর্ষণীয় এবং বৈচিত্র্যপূর্ণ মিউজিক্যাল প্রতিভার প্রতিনিধি এবং তাদেরকে এই বছর সিটির সাবওয়ে নেটওয়ার্কে পারফর্ম করতে দেখা গেছে। রাইডার্স চয়েস পুরস্কারের জন্য প্রতিযোগিতা করা অন্য ফাইনালিস্টগণ হলেন:

- আফ্রো ডমিনিকানোo — একটি ল্যাটিন ফিউশন ব্যান্ড যারা ঐতিহ্যবাহী ডমিনিকান ফোকলোর উৎসের মিউজিকের সাথে আফ্রো-ক্যারিবিয়ান সোলের মিশ্রণ করে। তারা তাদের প্রাণোচ্ছল রিফ এবং রোমান্টিক ব্যালাড্রির জন্য পরিচিত। আফ্রো ডমিনিকানোর প্রোফাইল ভিডিও এখানে পাওয়া যাবে।
- অ্যাঞ্জি বেলো — একজন বাদক, গায়ক, প্রযোজক, এবং গীতিকার যে শহরের সড়কে তার উদ্দীপ্ত চঞ্চল লাইফ স্যাক্সোফোন পারফর্ম্যান্সের জন্য পরিচিত। অ্যাঞ্জি বেলোর প্রোফাইল ভিডিও এখানে পাওয়া যাবে।

পুরস্কার বিজয়ী ঘোষণা করার অনুষ্ঠানটি আয়োজন করেছে টাইমস স্কয়ার অ্যালায়েন্স (Times Square Alliance)।

MTA প্রধান এবং প্রধান নির্বাহী কর্মকর্তা জ্যানো লিবার বলেন, "মিউজিক আন্ডার নিউ ইয়র্ক হলো এই সিটির মিউজিক্যাল পারফর্মারদের জন্য অনন্য একটি মঞ্চ, এবং 1987 সালে কর্মসূচিটি শুরু হওয়ার পর থেকে প্রথমবারের মতো নিউ ইয়র্কবাসীরা তাদের পছন্দের পারফর্মারকে ভোট দিয়েছে। এর সবই হলো ট্রানজিট ব্যবস্থায় নিউ ইয়র্কবাসীর দুর্দান্ত গতিশীলতার প্রতিফলন।

MTA আর্টস এবং ডিজাইনের পরিচালক স্যান্ড্রা ব্লাডওয়ার্থ বলেন, "আজকের বা কয়েক সপ্তাহ আগে গৃহীত অডিশনে হওয়া সকল মিউজিক্যাল পারফরম্যান্স নিউ ইয়র্কের বৈচিত্র্যকে প্রতিফলিত করে এবং সত্যিই এটি মনে রাখার মতো একটি অভিজ্ঞতা। মিউজিক আন্ডার নিউ ইয়র্কের সর্বপ্রথম রাইডার্স চয়েস বিজয়ীকে উদযাপন করতে পেরে আমি আনন্দিত, এবং কর্মসূচির সকল নতুন পারফর্মাররা যে প্রতিভার দ্বিধাহীন কদর করা একটি শহরের সবথেকে সেরা ভেন্যুতে তারা যা করতে ভালোবাসে তা করতে পারবে সেজন্য আনন্দিত।"

পার্টনারশিপ ফর নিউ ইয়র্ক সিটির (Partnership for New York City) প্রেসিডেন্ট এবং প্রধান নির্বাহী কর্মকর্তা ক্যাথরিন ওয়াইল্ড বলেন, "নিউ ইয়র্ক সিটি এবং এর বাসিন্দাদের অসাধারণ গুণ তুলে ধরার জন্য উই ♡ NYC নিবেদিত। সাবওয়েতে যাত্রা করার সময়েও নিউ ইয়র্কবাসীরা কী ধরনের প্রতিভার সম্মুখীন হতে পারে ব্র্যাস কুইন্স হলো তার একটি প্রধান উদাহরণ। আমরা আন্তরিকভাবে ব্র্যাস কুইন্স এবং আমাদের অন্যান্য ফাইনালিস্টদের অভিনন্দন জানাচ্ছি, তাদের দক্ষতা ও পারফর্ম করার প্রতি ভালোবাসা নিউ ইয়র্ককে আরো আনন্দের স্থান বানাতে সাহায্য করছে, এবং তাদের রাইডার্স চয়েসকে ভোট করার জন্য হাজার হাজার নিউ ইয়র্কবাসীকে আমরা ধন্যবাদ জানাচ্ছি।"

রাইডার্স চয়েস পুরস্কার হলো উই ♡ NYC এর গঠিত ও পরিচালিত সর্বশেষ প্রকল্প, এটি হলো পার্টনারশিপ ফর নিউ ইয়র্ক সিটির সদস্যদের দ্বারা অর্থায়িত একটি নতুন ক্যাম্পেইন যা নিউ ইয়র্কবাসীকে নাগরিক কর্মকাণ্ড এবং সম্প্রদায়ের সাথে জড়িত হওয়ার মাধ্যমে তাদের শহরের প্রতি তাদের ভালোবাসা প্রদর্শন করতে উৎসাহিত করে।

MTA MUSIC এ 350 এর বেশি পারফর্মার রয়েছে যারা ক্ল্যাসিকাল স্ট্রিং, জ্যাজ অনসম্বল, ওয়ার্ল্ড মিউজিক ব্যান্ড, ফোক, আকাপেলা গ্রুপ, গায়ক-গীতিকার এবং আরো অনেককে প্রদর্শন করে, এখানে গ্যাম্বিয়ান করা, কোরিয়ান ড্রাম, ওয়েস্ট ইন্ডিয়ান স্টিল ড্রাম, আন্ডিয়ান পাইপ, ক্যাহুন চেলো, কেল্টিক এবং ব্যারোক হার্প, গিটার, ভায়োলিন, হ্যামারড ডালসিমার এবং মিউজিক্যাল স এর মতো অনেক ধরনের বাদ্যযন্ত্র রয়েছে। পুরো ট্রানজিট সিস্টেমের 43টি MTA MUSIC অবস্থানে পারফর্মারদের সময় নির্ধারিত করা আছে, যার মধ্যে রয়েছে সাবওয়ে স্টেশন, MTA কমিউটার রেল টার্মিনাল এবং স্ট্যাটেন আইল্যান্ড ফেরি টার্মিনাল। MTA আর্টস এবং ডিজাইন প্রতি বছর ট্রানজিট সিস্টেমে 7,500 এর বেশি মিউজিক্যাল পারফর্ম্যান্স উপস্থাপন করে। মিউজিশিয়ানরা তাদের নাম এবং মিউজিক আন্ডার নিউ ইয়র্কের লোগোসহ একটি মিউজিক আন্ডার নিউ ইয়র্ক ব্যানার নিয়ে নির্ধারিত অবস্থানে পারফর্ম করে।

কোভিড-19 মহামারীর পর থেকে প্রথমবারের মতো MTA এর ব্যানারের অধীনে বাজানোর জন্য 24 MTA MUSIC পারফর্মারের একটি কোহর্ট বাছাই করেছে। প্রাথমিক অডিশন গ্রহণ করেছে MTA আর্টস এবং ডিজাইন, তারা MTA নেটওয়ার্কে ভিজুয়াল এবং পারফর্মিং আর্টসের ব্যবস্থা করে। 28 জুন গ্র্যান্ড সেন্ট্রাল ম্যাডিসনে চল্লিশটি অ্যাক্ট অডিশন প্রদান করে, এবং এই সুযোগের জন্য বিবেচিত হওয়ার জন্য 128 জন আবেদন করেছিলো। সাধারণত প্রতি বছর আয়োজিত হলেও, 2019 সালের পর এই প্রথম এটি আয়োজিত হলো এবং 1987 সালে MTA MUSIC একটি আর্টস এবং ডিজাইন কর্মসূচি হয়ে উঠার পর থেকে এটি 33তম অডিশন। এইবার প্রথমবারের মতো জনগণ তাদের পছন্দের MTA MUSIC পারফর্মারকে ভোট দিয়েছে।

MTA আর্টস এবং ডিজাইন সম্পর্কে

MTA আর্টস এবং ডিজাইন নিউ ইয়র্কের মেট্রোপলিটন এলাকায় ভিজুয়াল এবং পারফর্মিং আর্টসের ব্যবস্থা করে গণপরিবহনের ব্যবহার উৎসাহিত করে। পার্সেন্ট ফর আর্ট কর্মসূচিটি হলো সাইটের জন্য বিশিষ্ট পাবলিক অর্থের জন্য বিশ্বের সর্ববৃহৎ এবং সবথেকে বৈচিত্র্যময় সংগ্রহগুলির একটি, যেখানে বিশ্ববিখ্যাত, ক্যারিয়ারের মাঝামাঝি থাকা এবং উদীয়মান শিল্পীদের করা 350টির বেশি কমিশন রয়েছে। আর্টস এবং ডিজাইন পোস্টার, ডিজিটাল আর্ট,

ফটোগ্রাফিক লাইটবক্স প্রদর্শনী তৈরি করে, এবং একই সাথে মিউজিক আন্ডার নিউ ইয়র্ক কর্মসূচির মাধ্যমে স্টেশন লাইভ মিউজিক্যাল পারফর্ম্যান্সের আয়োজন করে, এবং আমেরিকা পোয়েট্রি সোসাইটির সাথে সহযোগিতায় পোয়েট্রি ইন মোশন কর্মসূচি পরিচালনা করে। MTA সাবওয়ে এবং কমিউটার ট্রেনের উপর নির্ভর করা কয়েক মিলিয়ন মানুষকে এটি সেবাদান করে এবং সাইট, এলাকা, ও মানুষের মধ্যে অর্থপূর্ণ সংযোগ তৈরি করার প্রচেষ্টা করে। আরো জানার জন্য, mta.info/art ভিজিট করুন বা টুইটারে @MTAArtsDesign কে ফলো করুন।

উই ♡ NYC সম্পর্কে

উই ♡ NYC হলো সিটির শক্তি প্রদর্শন করা এবং এটি যাতে বিশ্বের মহানতম শহর হিসেবে টিকে থাকতে তা নিশ্চিত করার জন্য নিউ ইয়র্কবাসীকে সচল করার জন্য একটি ক্রস সেক্টর ক্যাম্পেইন। সিটিব্যাপী ক্যাম্পেইনটি এমন নিউ ইয়র্কবাসীদের উদযাপন করে যারা পার্থক্য গড়ে দিচ্ছে, যারা "ডু-আর্স", এবং সকলেই যোগ দিতে পারে এমন নাগরিক কর্মকাণ্ডের সুযোগ তুলে ধরে। এই প্রয়াসের জন্য করদাতার কোনও মার্কিন ডলার ব্যবহার করা হয়নি, এবং সকল নিউ ইয়র্কবাসীকে welovenyc.nyc এ জড়িত হওয়ার জন্য আমন্ত্রণ করা হচ্ছে।

আটলান্টিক রেকর্ডস সম্পর্কে

2023 সালে আটলান্টিক রেকর্ডস এর 75তম বর্ষপূর্তি উদযাপন করেছে। নিউ ইয়র্ক সিটিতে প্রতিষ্ঠিত লেবেলটি একটি এক কক্ষের অপারেশন থেকে বিকশিত হয়ে বিশ্বের অগ্রগণ্য মিউজিক কোম্পানিগুলির একটিতে পরিণত হয়েছে। আটলান্টিক বহু এমন রেকর্ডিং প্রকাশ করেছে যার আধুনিক মিউজিকে গভীর প্রভাব রয়েছে, এর সমৃদ্ধ ইতিহাসের মধ্যে রয়েছে রে চার্লস, আর্থিয়া ফ্র্যাঙ্কলিন, জন কলট্র্যান, এবং লেড জেপলিনের মতো মিউজিক্যাল আইকনিক। বর্তমানে আটলান্টিক রেকর্ডস গ্রুপের রোস্টারে বিশ্বের বহু সর্বাধিক জনপ্রিয় রেকর্ডিং শিল্পী এবং সাউন্ডট্র্যাক রয়েছে। কেলি ক্লার্কসন, ব্রুনো মার্স, এড শিরান, কার্ডি বি, সিয়া, কোল্ডপ্লে, চার্লি পুথ, জ্যানেল মোনাই, জ্যাক হারলো, ডেথ ক্যাব ফর কিউটি, ম্যাচবক্স টুয়েন্টি, লিল উজি ভার্ট, গুচি ম্যান, মেলেনি মার্টিনেজ, রব টমাস, স্ক্রিলেক্স, রডি রিক এবং তাদের মতো আরো অনেক শিল্পী, সেই সাথে দ্য গ্রেটেস্ট শোম্যান, হ্যামিল্টন, ফাস্ট অ্যান্ড ফিউরিয়াস, সুইসাইড স্কোয়াড, বার্ডস অফ প্রে, জ্যাগেড লিটল পিল দ্য মিউজিক্যাল, স্পিনিং গোল্ড এবং সাউন্ডট্র্যাক এবং আরো বহু সাউন্ডট্র্যাক রয়েছে।

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে: www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418